গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ২৩৬/২০১৮-২০১৯

ঢাকা, ১১ জুন মঙ্গলবার ২০১৯, ২৮ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। তাজিকিস্তান ও উজবেকিস্তান সফরে যাচ্ছেন রাষ্ট্রপতি
২। প্রধানমন্ত্রীর চীন সফরে গুরুত্ব পাবে রোহিঙ্গা ইস্যু : সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী
৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস আজ
৪। সংসদের বাজেট অধিবেশন শুরু আজ, বাজেট উপস্থাপন আগামী বৃহস্পতিবার
৫। সংসদে যাওয়া নিয়ে বিএনপি'র অবস্থান স্ববিরোধী : সেতুমন্ত্রী
৬। রাষ্ট্রের দায়িত্ব কোনো শাস্তিপ্রাপ্ত আসামির শাস্তি নিশ্চিত করা : তথ্যমন্ত্রী
৭। সাইবার অপরাধ রোধের জন্যই ডিজিটাল নিরাপত্তা আইন
ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিকে আইনমন্ত্রী
৮। রোহিঙ্গাদের জন্য ১৮ মিলিয়ন মার্কিন ডলারের তহবিল সংগ্রহ আরব আমিরাতের
৯। চাঁদ দেখতে কেনা হচ্ছে অত্যাধুনিক যন্ত্র : ধর্ম মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে সিদ্ধান্ত
১০। ইপিবি'র হালনাগাদ তথ্য : ১১ মাসে পোশাক রপ্তানিতে আয় ৩ হাজার ১৭৩ কোটি মার্কিন ডলার
১১। একাদশ শ্রেণিতে ভর্তির ফল প্রকাশ, প্রথম ধাপে মনোনীত ১৩ লাখ ১৮ হাজার
১২। বিশ্বকাপে আজ বাংলাদেশের প্রতিপক্ষ শ্রীলঙ্কা

চলমান পাতা-২

**১।	তাজিকিস্তান ও উজবেকিস্তান সফরে যাচ্ছেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ তিন দিনের সফরে তাজিকিস্তান ও উজবেকিস্তান যাচ্ছেন। তাজিকিস্তানের প্রেসিডেন্ট ইমোমালি রাহমোন এবং উজবেকিস্তানের প্রেসিডেন্ট সাভকাত মিরমনোভিচ মিরজিইয়োয়েভের আমন্ত্রণে এ সফরে যাচ্ছেন রাষ্ট্রপতি। পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বঙ্গভবন সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র জানায়, আগামী ১৪ থেকে ১৬ জুন পর্যন্ত এ সফর হবে। ১৪ জুন তিনি প্রথমে তাজিকিস্তান যাবেন। ১৫ জুন যাবেন উজবেকিস্তানে। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন রাষ্ট্রপতির সঙ্গে যাচ্ছেন। সফরে দ্বিপক্ষীয় সম্পর্ক নিয়ে আলোচনা হবে। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১)।

**২।	প্রধানমন্ত্রীর চীন সফরে গুরুত্ব পাবে রোহিঙ্গা ইস্যু : সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, আগামী মাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনার চীন সফরে প্রধান আলোচ্য বিষয় হবে রোহিঙ্গা সংকট। গতকাল (১০ জুন সোমবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের তিনি বলেন, প্রধানমন্ত্রীর সফরের পর মিয়ানমার তার নাগরিকদের ফিরিয়ে নিতে আরও চাপে পড়বে বলে তাঁরা মনে করেন। পররাষ্ট্রমন্ত্রী আরো বলেন, রোহিঙ্গা সংকট মোকাবিলায় সাহায্য করতে চীন আন্তরিক। মিয়ানমারের সঙ্গে দ্বিপক্ষীয় আলোচনার মাধ্যমে সংকট সমাধানের জন্য চীন সবসময় বাংলাদেশকে পরামর্শ দিয়ে আসছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২) **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৩।	প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার কারামুক্তি দিবস আজ। দীর্ঘ প্রায় **১১** মাস কারাভোগের পর ২০০৮ সালের **১১** জুন সংসদ ভবন চত্বরে স্থাপিত বিশেষ কারাগার থেকে তিনি মুক্তি পান। সেনা সমর্থিত **১/১১** এর তত্ত্বাবধায়ক সরকারের সময় ২০০৭ সালের ১৬ জুলাই ভোরে ধানমণ্ডির বাসভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গ্রেফতার হন। দিবসটি উপলক্ষে বাংলাদেশ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনগুলো বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র **: ইত্তেফাক (**পৃ.১,ক.৮**), সমকাল (**পৃ.২,ক.১**)**।

**৪।	সংসদের বাজেট অধিবেশন শুরু আজ, বাজেট উপস্থাপন আগামী বৃহস্পতিবার**

চলতি একাদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন শুরু হচ্ছে আজ (১১ জুন মঙ্গলবার)। বিকেল পাঁচটায় এ অধিবেশন শুরু হবে। এটা মূলত বর্তমান সংসদ ও এ সরকারের প্রথম বাজেট অধিবেশন। এছাড়া বাজেট সম্পর্কে বিস্তারিত জানতে সংসদ সদস্যদের সুবিধার্থে সংসদ ভবনে হেল্প ডেস্ক খোলা হয়েছে। সূত্র **: ইত্তেফাক (**পৃ.১৯,ক.৮**), সমকাল (**পৃ.১,ক.২**), ডেইলি সান (**পৃ.১,ক.১**), নিউজ টুডে (**পৃ.১,ক.১**)**।

**৫।	সংসদে যাওয়া নিয়ে বিএনপি'র অবস্থান স্ববিরোধী : সেতুমন্ত্রী**

একাদশ জাতীয় সংসদে যোগ দেওয়া নিয়ে বিএনপি'র অবস্থান স্ববিরোধী বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (১০ জুন সোমবার) সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে ঈদ-পরবর্তী শুভেচ্ছা বিনিময়ের পর সাম্প্রতিক নানা ইস্যু নিয়ে আলোচনার সময় তিনি এ কথা বলেন। ফেনীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফি হত্যার ঘটনায় কেউ ছাড় পাবে না উল্লেখ করে ওবায়দুল কাদের এ সময় আরও বলেন, গ্রেফতারি পরোয়ানা মাথায় নিয়ে পলাতক সোনাগাজী থানার সাবেক ওসি মোয়াজ্জেম হোসেনকে খুঁজে বের করার চেষ্টায় কোনো ত্রুটি হচ্ছে না। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫)।

**৬।	রাষ্ট্রের দায়িত্ব কোনো শাস্তিপ্রাপ্ত আসামির শাস্তি নিশ্চিত করা : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, ড. কামাল হোসেনের নেতৃত্বাধীন জাতীয় ঐক্যফ্রন্টের নেতারা জোটের ঐক্য ধরে রাখতে হিমশিম খাচ্ছেন। ঐক্যফ্রন্টে ঐক্য নেই। অনেক নেতা ঐক্যফ্রন্ট ছাড়ার ঘোষণা দিয়েছেন। যাদের নিজেদের মধ্যে ঐক্য নেই তারা কীভাবে আন্দোলন করবেন। গতকাল (১০ জুন সোমবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের নিজ দপ্তরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, তারেক রহমান দুর্নীতি মামলায় ১০ বছর সাজাপ্রাপ্ত ও ২১ আগস্ট হামলা মামলায় যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত আসামি। আইনগতভাবে বাংলাদেশের আদালত স্বাধীন। আদালত কারো বিরুদ্ধে দণ্ড দিলে সেটি যদি সরকারি কর্মকর্তা হয়, এমনকি সরকার দলীয় এমপিও হয় তার বিরুদ্ধে শাস্তি কার্যকর করা সরকার ও রাষ্ট্রের দায়িত্ব। রাষ্ট্রের দায়িত্ব কোনো শাস্তিপ্রাপ্ত আসামির শাস্তি নিশ্চিত করা। সূত্র **: ইত্তেফাক (**পৃ.১৯,ক.১**), সংবাদ (**শেষ পৃ,ক.১**), ডেইলি সান (**পৃ.২,ক.৫**), নিউজ টুডে (**পৃ.১,ক.৪**)**।

৭।　সাইবার অপরাধ রোধের জন্যই ডিজিটাল নিরাপত্তা আইন

ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিকে আইনমন্ত্রী

বাক্ স্বাধীনতা ও সংবাদপত্রের স্বাধীনতা খর্ব করার জন্য ডিজিটাল নিরাপত্তা আইন প্রণয়ন করা হয়নি। এটি কেবল সাইবার অপরাধ রোধের জন্য করা হয়েছে বলে ইউরোপীয় ইউনিয়নের মানবাধিকার বিষয়ক বিশেষ প্রতিনিধি অ্যামন গিলমোরকে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। গতকাল (১০ জুন সোমবার) গুলশানে ইউরোপীয় ইউনিয়নের মানবাধিকার বিষয়ক বিশেষ প্রতিনিধির নেতৃত্বে পাঁচ সদস্যের একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে এক ব্রিফিংয়ে আইনমন্ত্রী এ কথা বলেন। বৈঠকে বেপজা আইন, শিশু অধিকার আইন ও রোহিঙ্গা ইস্যু নিয়েও আলোচনা হয় বলে জানান আইনমন্ত্রী। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)**, জনকণ্ঠ** (পৃ.৩,ক.১)**, ডেইলি সান** (শেষ পৃ,ক.৫)**, নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

৮।　রোহিঙ্গাদের জন্য ১৮ মিলিয়ন মার্কিন ডলারের তহবিল সংগ্রহ আরব আমিরাতের

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য ১৮ মিলিয়ন মার্কিন ডলারের তহবিল সংগ্রহ করেছে সংযুক্ত আরব আমিরাত। এমিরেটস রেড ক্রিসেন্ট কর্তৃপক্ষের মাধ্যমে এ তহবিল সংগ্রহ করা হয়েছে বলে গতকাল (১০ জুন সোমবার) সংযুক্ত আরব আমিরাত দূতাবাসের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, দেশব্যাপী সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্ন মাধ্যমে প্রচারণা চালানোর পর বিভিন্ন ব্যক্তি ও দাতব্য প্রতিষ্ঠান এ অর্থ সহায়তা দেয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)**, অবজারভার** (পৃ.১,ক.১)**, নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

৯।　চাঁদ দেখতে কেনা হচ্ছে অত্যাধুনিক যন্ত্র : ধর্ম মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে সিদ্ধান্ত

চাঁদ দেখা নিয়ে জটিলতা এড়াতে উন্নত প্রযুক্তি অবলম্বনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ জন্য অত্যাধুনিক যন্ত্র কেনার উদ্যোগ নেওয়া হয়েছে। থিওডোলাইট জাতীয় এসব যন্ত্রের প্রতিটির দাম পড়বে প্রায় ৫০ লাখ টাকা। গতকাল (১০ জুন সোমবার) জাতীয় সংসদ ভবনে ধর্ম মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১)**, যুগান্তর** (পৃ.১৩,ক.১)।

১০।　ইপিবি'র হালনাগাদ তথ্য : ১১ মাসে পোশাক রপ্তানিতে আয় ৩ হাজার ১৭৩ কোটি মার্কিন ডলার

দেশের পণ্য রপ্তানিতে বড় প্রবৃদ্ধি হয়েছে। চলতি ২০১৮-১৯ অর্থবছরের প্রথম ১১ মাসে (জুলাই-মে) ৩ হাজার ৭৭৫ কোটি মার্কিন ডলারের পণ্য রপ্তানি হয়েছে। এ আয় গত অর্থবছরের একই সময়ের চেয়ে ১২ শতাংশ বেশি। লক্ষ্যমাত্রার চেয়ে ৬ শতাংশ বেশি। রপ্তানি উন্নয়ন ব্যুরো'র (ইপিবি) গতকাল (১০ জুন সোমবার) প্রকাশিত পণ্য রপ্তানি আয়ের হালনাগাদ তথ্যে দেখা যায়, তৈরিপোশাক রপ্তানিতে ভালো প্রবৃদ্ধি হওয়ার কারণে সামগ্রিক পণ্য রপ্তানিতে ইতিবাচক প্রভাব পড়েছে। চলতি অর্থবছরের প্রথম ১১ মাসে পোশাক রপ্তানি থেকে আয় এসেছে ৩ হাজার ১৭৩ কোটি মার্কিন ডলারের বেশি। এ আয় গত অর্থবছরের একই সময়ের চেয়ে ১২ দশমিক ৮২ শতাংশ এবং লক্ষ্যমাত্রার তুলনায় ৬ দশমিক ৯৫ শতাংশ বেশি। সূত্র **: ভোরের কাগজ** (শেষ পৃ,ক.২)**, ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

১১।　একাদশ শ্রেণিতে ভর্তির ফল প্রকাশ, প্রথম ধাপে মনোনীত ১৩ লাখ ১৮ হাজার

দেশের সরকারি ও বেসরকারি কলেজগুলোতে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য প্রথম পর্বে মনোনীত হয়েছে ১৩ লাখ ১৮ হাজার ৮৬৬ শিক্ষার্থী। ভর্তি আবেদনের ফল গতকাল (১০ জুন সোমবার) শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। শিক্ষার্থীরা রোল এবং রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইট থেকে ফল জানতে পারবে। এছাড়া তাদের মোবাইলে এসএমএস করেও ফল জানিয়ে দেওয়া হয়েছে। প্রথম পর্যায়ে মনোনীত শিক্ষার্থীদের আগামী ২৭ থেকে ৩০ জুনের মধ্যে সংশ্লিষ্ট কলেজে ভর্তি হতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫)**, সংবাদ** (পৃ.১,ক.৩)**, অবজারভার** (শেষ পৃ,ক.৬)**, নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

১২। বিশ্বকাপে আজ বাংলাদেশের প্রতিপক্ষ শ্রীলঙ্কা

বিশ্বকাপে আজ ইংল্যান্ডের ব্রিস্টল কাউন্টি গ্রাউন্ডে মুখোমুখি হচ্ছে ১৯৯৬ বিশ্বকাপ চ্যাম্পিয়ন শ্রীলঙ্কা ও ২০১৮ এশিয়া কাপের রানার্স আপ বাংলাদেশ। ম্যাচ শুরু হবে বাংলাদেশ সময় বিকেল সাড়ে তিনটায়। চলতি টুর্নামেন্টে দুই দলেরই আজ চতুর্থ খেলা। প্রথম ম্যাচে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ২১ রানের জয় পেলেও পরের দুই ম্যাচে নিউজিল্যান্ড ও ইংল্যান্ডের কাছে হেরে খানিকটা পিছিয়ে পড়েছে বাংলাদেশ। অন্যদিকে, নিউজিল্যান্ডের কাছে ১০ উইকেটের বড় হার দিয়ে বিশ্বকাপ শুরুর পর দ্বিতীয় ম্যাচে আফগানিস্তানের বিপক্ষে ডিএলএস পদ্ধতিতে জয় তারপর পাকিস্তানের সঙ্গে তৃতীয় ম্যাচ বৃষ্টির কারণে পণ্ড হওয়ায় পয়েন্ট তালিকায় অন্তত বাংলাদেশের চেয়ে সুবিধাজনক অবস্থায় রয়েছে শ্রীলঙ্কা। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. **সংবাদ, যুগান্তর, যায়যায়দিন, ভোরের কাগজ, সমকাল, ডেইলি সান :** সম্প্রতি গণভবনে আয়োজিত সংবাদসম্মেলনে রোহিঙ্গা প্রত্যাবাসন বিষয়ে প্রধানমন্ত্রীর দেওয়া বক্তব্য তুলে ধরে রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের ওপর কূটনৈতিক চাপ অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** গোপালগঞ্জ-কোটালীপাড়া-পয়সারহাট আঞ্চলিক মহাসড়কের বেহাল দশা তুলে ধরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে মহাসড়কগুলির সংস্কারে টেকসই সমাধানের ব্যবস্থা করার সুপারিশ ।

গ. **সমকাল :** ২০ মে থেকে ২৩ জুলাই সাগরে মাছ ধরার নিষেধাজ্ঞার সময়ে জেলেদের চাল ছাড়াও নগদ আর্থিক সহায়তাসহ বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করার আহ্বান।

ঘ. **জনকণ্ঠ :** সামুদ্রিক বিষয়ে গবেষণার ক্ষেত্রে বাংলাদেশ ইনস্টিটিউট অভ্ মেরিটাইম রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখতে পারে বলে অভিমত।

ঙ. **ইনকিলাব :** নন-ব্যাংকিং চ্যানেলে অর্থের লেনদেনের বিষয়টি মনিটর ও নিয়ন্ত্রণ করার জন্য সরকারকে উপযুক্ত নীতিমালা প্রণয়নের সুপারিশ।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলীয় জোনে যাত্রী ও পণ্য পরিবহণ বেড়ে যাওয়ায় রেল চলাচল ঝুঁকিপূর্ণ হয়ে পড়ায় ঢাকা-রাজশাহী রুটে রেলযাত্রা নিরাপদ করতে দ্রুত যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

উপসম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশের পর্যটনশিল্পের বহুমাত্রিকতা কাজে লাগানোর লক্ষ্যে নদ-নদী, হাওর এবং জলাভূমির উন্নয়নে সরকার যদি একটি জোরালো উদ্যোগ নেয় এবং কার্যকর পরিকল্পনা গ্রহণ করে তা বাস্তবায়ন করে, তাহলে রিভার ট্যুরিজম থেকে প্রচুর অর্থ উপার্জন সম্ভব।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'শিশু-কিশোরদের ভবিষ্যৎ নিয়ে শঙ্কায় অভিভাবক'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বর্তমানে অনলাইন আসক্তি শিশুদের শারীরিক ও মানসিকভাবে ক্ষতিগ্রস্ত করছে। সেজন্য শিশুদের রক্ষায় অভিভাবকসহ সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের এগিয়ে আসা জরুরি।

#

ফাহিমা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা